

পরপার

ভাসা রে জীবন-তরণী ভবের সাগরে;
যাবি যদি ও পারের সেই অভয় সাগরে।
(যেন) মন-মাঝি তোর দিবনিশি রয় হা'লে ব'সে;
(আর) ভজন-সাধন দাঁড়ি দু'টো দাঁড়ি মারে ক'সে!
(তোর) প্রেম-মান্বুলে সাধু-সঞ্জের পা'ল তুলে দে ভাই;
(বইবে) সুখের বাতাস, চেয়ে দেখ্ তোর অদৃষ্টে মেঘ নাই।
(ওরে) হামেশা তুই দেখিস্ ধরম দিগ্-দর্শনের কাঁটা।
(আর) তাক্ ক'রে ভাই তালি দিস্ স্বভাবের ফুটো-ফাটা।
(তুই) মাঝে মাঝে দেখতে পাবি পাপ-চুষকের পাহাড়;
(মাঝি) টের পাবে না, টেনে নিয়ে জোরে মারবে আছাড়।
(ওরে) সেইটে ভারি কঠিন বিপদ, চোখ রেখে ভাই চলিস্।
(আর) মাঝি দাঁড়ি এক হয়ে ভাই, মুখে হরি বলিস্।
(ওরে) এ পারে তোর বাসা রে ভাই, ঐ পারে তোর বাড়ী;
(এই) কথাগুলো খেয়াল রেখে, জমিয়ে দে' রে পাড়ি।